আজকের কাগজ

তারিখ 24 NOV 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

22

115

### প্রাথমিক শিক্ষা অধিদফতরের চিঠি

# ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বিপাকে

নজমুল কবির শিপন ঃ প্রাথমিক শিক্ষা অধিদফতরের একটি চিঠির কারণে ঢাকা শহরে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান বেকায়দায় পড়েছে। চিঠিতে বলা হয়েছে যে, ঢাকা শহরে যে সব শিক্ষা প্রতিষ্ঠান সরকাররি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ব্যবহার করছে তাদের আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে তা ছেড়ে দিতে হবে। ফলে যে সব শিক্ষা প্রতিষ্ঠান এ ভবনগুলো দীর্ঘ দিন ধরে ব্যবহার করে আসছে তারা বিপাকে পড়েছে। ঐ চিঠিতে আরো বলা হয়েছে, যে সব শিক্ষা প্রতিষ্ঠান বিনা অনুমতিতে প্রাথমিক বিদ্যালয়ের ভবন ব্যবহার করছে তাদের পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উচ্ছেদ করতে হবে। চিঠিতে আরো বলা হয়েছে, এতদসংক্রান্ত পূর্বে জারিকৃত অনুমতি আদেশ ও অধিদফতরের অনুমতি আদেশ ও আগামী ১ জানুয়ারি থেকে বাতিল বলে গণ্য হবে।

এই আদেশের ফলে ঢাকা শহরের বেশ কয়েকটি পুরানো ঐহিত্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান বিপাকে পড়ছে। ২০/২৫ বছর যাবৎ শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে এমন শিক্ষা প্রতিষ্ঠানও এর মধ্যে রয়েছে। সাধারণত এসব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল থেকে বেলা ১০টা পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়ের ক্লাস হয়। তারপর থেকে মাধ্যমিক শ্রেণীর ক্লাস শুরু হয়। উল্লেখ, অনেক এনজিও শিক্ষা কার্যক্রম ও সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনে চালানো হয়।